ইত্তেফাক
তারিখ 09 OCT 1986
পৃষ্ঠা 2 কলাম 1
33

# প্রত্যেক উপজেলায় একটি কলেজ ও দুটি মাধ্যমিক স্কুল জাতীয়করণ করা হবে

সাতক্ষীরা, ৭ই অক্টোবর।— শিক্ষামন্ত্রী জনাব মমিন উদ্দিন আহম্মদ বলেছেন, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে দেশের প্রত্যেকটি কলেজ ও দু'টি মাধ্যমিক বিদ্যালয়কে জাতীয়করণ করা হচ্ছে। তিনি বলেন, এ ধরনের পদক্ষেপ শিক্ষা বিস্তারে প্রেসিডেন্ট এরশাদের সদিচ্ছার পরিচয় বহন করে।

তিনি গতকাল সাতক্ষীরা জেলার বন্যা উপদ্রুত এলাকা পরিদর্শনকালে কলারোয়া ও আসাশুনী উপজেলায় দু'টি পৃথক জনসভায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদ শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার সাথে জড়িত শিক্ষক ও কর্মচারীদের মর্যাদা বৃদ্ধিতে এ যাবত যা করেছেন, অতীতে কোন সরকার তা' করেননি। মূলতঃ বর্তমান সরকার দেশের উন্নয়ন ও দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে সর্বক্ষেত্রে ঔপনিবেশিক চিন্তাধারা পরিবর্তন করে গণমুখী ব্যবস্থা প্রবর্তন করেছেন।

জনাব আহম্মদ বলেন, গত সাড়ে ৪ বছরে এ সরকারের কর্মকাণ্ড প্রমাণ করেছে প্রেসিডেন্ট এরশাদ দেশের ১০ কোটি মানুষের অবিসংবাদিত নেতা ও গরীবের বন্ধু।

বিরোধী দলের সমালোচনার জবাবে মন্ত্রী বলেন, আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন কোন ব্যক্তিবিশেষকে ক্ষমতাসীন করার জন্য নয়। গণতান্ত্রিক কাঠামোর চূড়ান্ত রূপ দেয়ার জন্য এ নির্বাচন। ১৫ই অক্টোবরের নির্বাচনে প্রেসিডেন্ট এরশাদকে প্রেসিডেন্ট নির্বাচিত করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

পরে মন্ত্রী সাতক্ষীরা মুক্তিযোদ্ধা সংসদের কার্যালয় পরিদর্শন করেন এবং মুক্তিযোদ্ধাদের সাথে মত বিনিময় করেন। খবর তথ্য বিবরণী।